প্রেস রিলিজ:

আজ বেলা ১২:৩০ ঘটিকায় সেতু বিভাগের সচিব জনাব মো: আবু বকর ছিদ্দীক বিআরটি প্রকল্পের অধীন টংগী এলাকায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ৪.৫ কিলোমিটার ক্ষতিগ্রস্ত সড়কের নির্মাণ কাজ পরিদর্শন করেন। এ সময় গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব জাহাঙ্গীর আলম, উপ পুলিশ কমিশনার (দক্ষিণ), জিএমপি, প্রজেক্ট ডিরেক্টর, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি উপস্থিত ছিলেন। বৃষ্টি ও বিআরটি প্রকল্পের কাজ চলমান থাকায় টংগীর চেরাগআলী থেকে উত্তরার হাউজ বিল্ডিং পর্যন্ত ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত সড়কটি যানবাহন চলাচল উপযোগী করার জন্য সচিব সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। বর্তমানে রাস্তা সংস্কারের জন্য নিয়োজিত জনবল বৃদ্ধি করে আগামী ২/৩ দিনের মধ্যে সড়কটি চলাচল উপযোগী করার জন্য তিনি নির্দেশ প্রদান করেন। এ সড়কটিতে জনদূর্ভোগ লাঘবের উদ্দেশ্যে যান চলাচল স্বাভাবিক করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনা রয়েছে মর্মে তিনি উপস্থিত সাংবাদিকগণকে জানান।